



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/

তারিখ :

বিষয় : অস্থায়ী একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ২৯-১১-২০১৬ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭০.১১.০৪৯.২০১৬-৭৮৯ নং স্মারক পত্র।  
ক) অধ্যক্ষ মহোদয়ের ০৮-১২-২০১৬ খ্রি. তারিখে অনলাইনে প্রেরিত (আইডি নং-৮৬৯৫) আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আগামী কলেজ মঞ্জুরী কমিটির অনুমোদন সাপেক্ষে ও শিক্ষা মন্ত্রণালয়ের সম্মতির প্রেক্ষিতে নিম্নে প্রদত্ত শর্তাবলী পূরণের শর্তে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে অর্থাৎ ০১-০৭-২০১৬ খ্রি. তারিখ হতে ৩০-০৬-২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য কলেজটিকে সম্পূর্ণ অস্থায়ীভাবে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হল। স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হবার পর স্বীকৃতি নবায়ন এবং আরোপিত শর্ত পূরণ করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং কলেজে পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বিরত থাকবে।

১) **আবশ্যিক বিষয় সমূহ :** বাংলা, ইংরেজী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য)

২) **নৈর্ব্যচনিক বিষয় সমূহ :**

- ক) মানবিক বিভাগ : সমাজ কল্যাণ, পৌরনীতি ও সুশাসন, যুক্তিবিদ্যা এবং ভূগোল।
- খ) ব্যবসায় শিক্ষা বিভাগ : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, সার্চিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা এবং কৃষি শিক্ষা।
- গ) বিজ্ঞান বিভাগ : পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান এবং উচ্চতর গণিত।

### শর্তাবলী :

- ১। অনুমোদিত প্রতিষ্ঠানে (এমপিও না দেয়ার শর্তে) নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। এ ক্ষেত্রে সরকার কোন আর্থিক দায়ভার বহণ করবে না।
- ৩। আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- ৪। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।
- ৫। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ বা নজির হিসাবে বিবেচিত হবে না।
- ৬। বেসরকারী কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- ৭। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
- ৮। সরকার উপযুক্ত কারণ মনে করলে যে কোন সময় স্বীকৃতির আদেশ বাতিল বা স্থগিত করতে পারবে।
- ৯। এনটিআরসিএ সনদধারী শিক্ষক নিয়োগ করতে হবে এবং এক্ষেত্রে মহিলা শিক্ষক কোটার শর্ত পূরণ করতে হবে।
- ১০। শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ১১। কলেজ চত্বরে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগানো ও পরিচর্যা করতে হবে।
- ১২। লাইব্রেরীতে পাঠ সহায়ক বই এর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ১৩। বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহসহ কৃতি লেখকদের পাঠ সহায়ক বই ক্রয় করতে হবে।
- ১৪। কলেজের সকল বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েব সাইট হতে সংগ্রহ করতে হবে।

(অমল কুমার বিশ্বাস)  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

ফোন-০৪২১-৬৮৬৩৮

তারিখ : ০২/০২/২০১৭

অধ্যক্ষ

বনশ্রী রবীন্দ্র স্মরণী কলেজ

ডাক: গাংনালিয়া, সদর, মাগুরা।

স্মারক নং- ক/অ/ ০১ (০২) (১-১১)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরিচালক, ব্যানবেইস, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত) ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, সদর, মাগুরা।
- ৯। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১০। সভাপতি, পরিচালনা পরিষদ, বনশ্রী রবীন্দ্র স্মরণী কলেজ, ডাক: গাংনালিয়া, সদর, মাগুরা।
- ১১। অফিস নথি।

(অমল কুমার বিশ্বাস)  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

০২/০২/১৭